

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়
নগর উন্নয়ন অধিদপ্তর
থানা সেন্টার প্ল্যানিং-২
www.udd.gov.bd



স্মারক নম্বর: ২৫.৪৫.০০০০.০০০.৩৩.০০১.১৭.১২০

তারিখ: ২৮ অগ্রহায়ণ ১৪২৮

১৩ ডিসেম্বর ২০২১

বিষয়: নারায়নগঞ্জ জেলার ফতুল্লা মডেল থানাধীন ইসদাইর মৌজায় সিআইডি, নারায়নগঞ্জ এর অফিস ভবন নির্মাণের জন্য ০.৭৫ (শূণ্য দশমিক সাত পাঁচ) একর ব্যক্তি মালিকানাধীন ভূমি স্থায়ী অধিগ্রহণের নিমিত্তে অনাপত্তি পত্র প্রদান প্রসংগে।

সূত্র: সিআইডি (নারায়নগঞ্জ জেলা)/২০৬৩, ১৫ নভেম্বর ২০২১ খ্রিস্টাব্দ

নারায়নগঞ্জ জেলার ফতুল্লা মডেল থানাধীন ইসদাইর মৌজায় সিআইডি, নারায়নগঞ্জ এর অফিস ভবন নির্মাণের জন্য ০.৭৫ (শূণ্য দশমিক সাত পাঁচ) একর ব্যক্তি মালিকানাধীন ভূমি স্থায়ী অধিগ্রহণের নিমিত্তে অনাপত্তি পত্রের জন্য আবেদন করা হয়।

জেলা	থানা	মৌজারনাম	জে. এল. নং ৩৫	দাগে মোট জমির পরিমাণ (শতাংশ)	প্রস্তাবিত জমির পরিমাণ (শতাংশ)
			আর. এস. দাগ		
নারায়নগঞ্জ	ফতুল্লা	ইসদাইর	৫৪	২২	১৯
			৫৫	৫৩	২৭
			৫৬	৬৫	২৯
মোট			১৪০ শতাংশ	৭৫ শতাংশ বা ০.৭৫ একর	

তদ্ব্যপেক্ষিতে, উক্ত এলাকা সরেজমিনে পরিদর্শন করা হয়েছে। পরিদর্শন প্রতিবেদন অনুযায়ী, প্রস্তাবিত জমিতে বর্তমানে কোন স্থাপনা নাই ও নীচু নাল জমি, যা প্রায় ৩ ফুট গভীর পানিতে নিমজ্জিত আগাছাযুক্ত জমি, তবে প্রস্তাবিত জমির উত্তর ও পশ্চিম সীমানা সংলগ্ন উত্তর-দক্ষিণ ও পূর্ব-পশ্চিম অভিমুখী প্রায় ১০ ফুট চওড়া সেমিপাকা দুইটি রাস্তা, বিদ্যুৎ লাইন, অযুখানা আছে (সরেজমিনে পরিদর্শন প্রতিবেদন, সংযুক্তি-০১, গুগল ম্যাপ, সংযুক্তি-০২)। রাজউকের Detailed Area Plan (DAP) পর্যালোচনায় দেখা যায় যে, প্রস্তাবিত জমির ভূমি ব্যবহার Urban Residential Zone হিসেবে চিহ্নিত রয়েছে (সংযুক্তি-০৩)। রাজধানী উন্নয়ন কর্তৃপক্ষ কর্তৃক সরকারী প্রয়োজনে এবং জনস্বার্থে অনাপত্তি প্রদান করা হয়েছে (স্মারক নং-২৫.৩৯.০০০০.০৩০.৩৬.০২৩.১৯.৮৫৬ তারিখ: ০৭/১১/২০২১ ইং, সংযুক্তি-০৪)।

এমতাবস্থায়, নারায়নগঞ্জ জেলার ফতুল্লা মডেল থানাধীন ইসদাইর মৌজায় সিআইডি, নারায়নগঞ্জ এর অফিস ভবন নির্মাণের জন্য ০.৭৫ (শূণ্য দশমিক সাত পাঁচ) একর ব্যক্তি মালিকানাধীন ভূ-সম্পত্তি সিআইডি, নারায়নগঞ্জ এর অফিস ভবন নির্মাণের জন্য প্রশাসনিক অনুমোদন থাকায় সরকারি প্রয়োজন ও জনস্বার্থে নিম্নলিখিত শর্ত সাপেক্ষে নির্দেশক্রমে অত্র অধিদপ্তরের অনাপত্তি পত্র প্রদান করা হলো।

০১। রাজউক কর্তৃক প্রদত্ত অনাপত্তি পত্র অনুসরণ করতে হবে।

০২। Solar Panel, Rain Water Harvesting এর ব্যবস্থা রাখতে হবে।

০৩। প্রস্তাবিত স্থাপনা নির্মাণ হলে উক্ত এলাকায় জলাবদ্ধতা নিরসনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।

০৪। নিজস্ব Access Road তৈরী করতে হবে।

উল্লেখ্য যে, এই অনাপত্তি পত্র প্রত্যাশী সংস্থা কর্তৃক প্রস্তাবিত জমি অধিগ্রহণের জন্য নগর উন্নয়ন অধিদপ্তরের ভূমি ব্যবহারের অনাপত্তি ব্যতীত অন্য কোন মালিকানা বা শর্ত নির্ধারণ করে না। বর্ণিত জায়গায় কোন উচ্ছেদ বা আইনগত জটিলতার উদ্ভব হলে তা প্রত্যাশী সংস্থা বহন করবে।

সংযুক্তিঃ

- ১। সরেজমিনে পরিদর্শন প্রতিবেদন।
- ২। প্রস্তাবিত এলাকার Google Map।
- ৩। DAP এ প্রস্তাবিত ভূমি ব্যবহারের উপর প্রস্তাবিত এলাকা চিহ্নিত ম্যাপ।
- ৪। রাজউক এর অনাপত্তি পত্র
- ৫। প্রকল্পের স্থান চিহ্নিত পূর্বক মৌজা ম্যাপ



১৩-১২-২০২১

উদয় শংকর দাস

সিনিয়র প্ল্যানার

মোঃ দেলোয়ার হোসেন, বিপিএম, পিপিএম (বার) , বিশেষ পুলিশ
সুপারের কার্যালয়, ক্রিমিনাল ইনভিস্টিগেশন ডিপার্টমেন্ট (CID)
নারায়নগঞ্জ জেলা

স্মারক নম্বর: ২৫.৪৫.০০০০.০০০.৩৩.০০১.১৭.১২০/১(৭)

তারিখ: ২৮ অগ্রহায়ণ ১৪২৮
১৩ ডিসেম্বর ২০২১

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

- ১) পরিচালক (চলতি দায়িত্ব), পরিচালক এর দপ্তর, নগর উন্নয়ন অধিদপ্তর
- ২) উপ-পরিচালক, উপ-পরিচালক এর দপ্তর(ভৌত পরিকল্পনা), নগর উন্নয়ন অধিদপ্তর
- ৩) সিনিয়র প্ল্যানার, থানা সেন্টার প্ল্যানিং-২, নগর উন্নয়ন অধিদপ্তর
- ৪) সহকারী প্রকৌশলী, সহকারী প্রকৌশলী(সার্ভে), নগর উন্নয়ন অধিদপ্তর
- ৫) প্ল্যানার, থানা সেন্টার প্ল্যানিং-২, নগর উন্নয়ন অধিদপ্তর
- ৬) প্ল্যানার, ট্রেনিং এন্ড ডকুমেন্টেশন সেল, নগর উন্নয়ন অধিদপ্তর (পত্রটি দপ্তরের ওয়েবসাইটে আপলোডের অনুরোধসহ)
- ৭) প্রশাসনিক কর্মকর্তা, প্রশাসন শাখা, নগর উন্নয়ন অধিদপ্তর



১৩-১২-২০২১

জাকিয়া সুলতানা

প্ল্যানার